



নম্বর: ১৩.০১.২৯৬২.০০২.৫৭.০০৩.২৪-২১

তারিখ: ১১/০১/২০২৫খ্রি.

## অফিস আদেশ

খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখায় ০৯/০১/২০২৫খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৩.০০১.২৪-২১ নং স্মারক এবং বন্টন শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকার ১০/০১/২০২৫খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১৪.১৯.৬১ নং স্মারকে নির্দেশনা মোতাবেক ১২/০১/২০২৫খ্রি. তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নগরকান্দা উপজেলা শহরে নিম্ন-উল্লিখিত ডিলারদ্বয়ের মাধ্যমে তার নামের পার্শ্বে বর্ণিত বিক্রয়কেন্দ্র ও তদারকি কর্মকর্তার তত্ত্বাবধানে ওএমএস কার্যক্রম পরিচালনার নিমিত্তে কেন্দ্র প্রতি ১.০০০ মে.টন করে উপজেলা শহরে প্রতি বিক্রয় দিবসে মোট ২.০০০ মে.টন চাল বিক্রয়ের আদেশ প্রদান করা হলো। ডিলারগণ বিক্রয় দিবসের কমপক্ষে ১ দিন পূর্বে অত্র দপ্তর হতে চালান পাশ করে ট্রেজারীতে চালের এক্স গুদাম মূল্য জমা দিয়ে ডিও গ্রহন পূর্বক নগরকান্দা এলএসডি, ফরিদপুর হতে চাল উত্তোলন করবেন। প্রতি কেজি চালের এক্স গোডাউন মূল্য ২৮/- টাকা ভোক্তা পর্যায়ে বিক্রয় মূল্য ৩০/- টাকা। ক্রেতা প্রতি সর্বোচ্চ ০৫(পাঁচ) কেজি হারে প্রতিদিন সর্বোচ্চ ১.০০০ মে.টন চাল বিক্রয় করা যাবে। ক্রেতার নাম ঠিকানা সহ বাধাইকৃত রেস্ট্রিক্টেড মাস্টার রোলার মাধ্যমে তদারকি কর্মকর্তার উপস্থিতিতে চাল বিক্রয় করতে হবে।

ক্র: নং	ডিলারের নাম	বিক্রয় কেন্দ্র	তদারকি কর্মকর্তার নাম	মন্তব্য
১	মোঃ সাহিদ সেক	পাটহাট বাজার	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর জনাব চরিত্র বিশ্বাস, উপ-খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর	শুক্র ও শনিবারসহ সরকারি ছুটির দিন বিক্রয় কার্যক্রম বন্ধ থাকবে।
২	মোঃ জাকির হোসেন	জুজুরদী বাসস্ত্যান্ড	উপজেলা আইসিটি কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর জনাব সেক আক্বাছ, নিরাপত্তা প্রহরী, অত্র দপ্তর	

### অন্যান্য শর্তাবলী:

- ওএমএস ডিলারের দোকানে বিক্রয় কার্যক্রমে নিবিড় তদারকির জন্য নিয়োজিত সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তাগণ চাল বিক্রয় তদারকি করবেন;
- কোন অনিয়ম, গাফিলতি বা দুর্নীতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ডিলারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে;
- ডিলারগণ বিক্রয় শেষে বিক্রয় মাস্টার রোল নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করবেন। উল্লেখ্য, নির্ধারিত বিক্রয় দিবসের কমপক্ষে ০১দিন পূর্বে চাহিদাপত্র জমা দিয়ে চাল উত্তোলন করে দোকানে মজুদ করতে হবে। বিক্রয় দিবসে চাল উত্তোলন করে বিক্রয় করা যাবে না;
- পূর্বের অবিক্রিত চাল (যদি থাকে) সমন্বয়পূর্বক চালের চাহিদাপত্র প্রস্তুত করতে হবে;
- শোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা/২০২৪ সহ খাদ্য বিভাগীয় সময় সময়ে জারীকৃত অন্যান্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

এতে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা ওএমএস কমিটি, নগরকান্দা, ফরিদপুর মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত

মোহাম্মদ আফজাল হোসেন  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অ:দা:)  
নগরকান্দা, ফরিদপুর।  
তারিখ: ১১/০১/২০২৫খ্রি.

নম্বর: ১৩.০১.২৯৬২.০০২.৫৭.০০৩.২৪-২১(৯)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।
- উপজেলা ..... কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।
- জনাব ..... তদারকি কর্মকর্তা, ..... বিক্রয় কেন্দ্র, নগরকান্দা, ফরিদপুর।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, নগরকান্দা এলএসডি, ফরিদপুর।
- অফিস কপি।

১১/০১/২০২৫  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
নগরকান্দা, ফরিদপুর।